



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩৪

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

বিষয় : মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা - ২০১৮ এর অনুসরণীয় বিষয়াবলি।

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০১৮ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে নিচে বর্ণিত বিষয়গুলোর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- কুমিল্লা শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১৮ যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন করতে হবে।
- এসএসসি পরীক্ষা কেন্দ্রের চারপাশে ২০০ গজের মধ্যে পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তি/ব্যক্তীদের চলাচল নিষিদ্ধ করার জন্য ১৪৪ ধারা কঠোরভাবে বলবৎ নিশ্চিত করতে হবে।
- ক. প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে বাধ্যতামূলকভাবে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
খ. আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা- ২০১৮ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কোন পরীক্ষা কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণকে ঐ কেন্দ্র ব্যতীত নিকটবর্তী অন্য পরীক্ষা কেন্দ্রে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব প্রদান করতে হবে। তবে যে সকল কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ার কারণে একাধিক বিদ্যালয়কে ভেন্যু হিসেবে ব্যবহার করে সেসব ভেন্যুতে পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের কোন শিক্ষক ঐ ভেন্যুতে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব পালন করতে পারবে না। কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের কোন শিক্ষক যাতে সংশ্লিষ্ট কেন্দ্রে/ভেন্যুর কোন কক্ষে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব প্রাপ্ত না হন তা নিশ্চিত করতে হবে। [বিঃদ্র: তবে যে সকল কেন্দ্র তার নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য নিকটবর্তী প্রাথমিক বিদ্যালয়/কলেজকে ভেন্যু হিসেবে ব্যবহার করে তাঁদের কোন শিক্ষক ঐ কেন্দ্রের আওতাধীন ভেন্যু/মূল প্রতিষ্ঠানে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না।]
গ. কেন্দ্রের ভেন্যু বিদ্যালয়ের শিক্ষার্থীদের আসন বিন্যাস অন্য বিদ্যালয়ের সমান সংখ্যক শিক্ষার্থী নিয়ে মূল বিদ্যালয়/নিকটবর্তী হাইস্কুলে করা যাবে। মূল বিদ্যালয়ে আসন বিন্যাস করার পরেও শিক্ষার্থীদের আসন সংকুলান না হলে মূল কেন্দ্রের ক্যাম্পাসের বাইরে পার্শ্ববর্তী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারিত সুরক্ষিত (Protected) ও নিরাপদ ভেন্যুতে ব্যবস্থা করা যাবে।
- কোন ভেন্যুতে যে সকল স্কুলের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সে সকল স্কুল ছাড়া অন্য কোন স্কুলের প্রধান শিক্ষককে ভেন্যুর সহকারী সচিব/হল সুপার নিয়োগ করতে হবে।
- যেদিন যে বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে সেদিন সে বিষয়ের কোন শিক্ষককে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব দেয়া যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয়/ শিক্ষাবোর্ড/ জেলা প্রশাসন/ উপজেলা প্রশাসন কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি কোন অজুহাতে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
- সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য/কক্ষ পর্যবেক্ষক যথানিয়মে পরীক্ষা কেন্দ্রে তাঁদের নির্ধারিত দায়িত্ব পালন করবেন। এ ক্ষেত্রে কুমিল্লা শিক্ষাবোর্ডের স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩২ তারিখ : ০২ জানুয়ারি ২০১৮ খ্রিঃ এর নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।
- পরীক্ষা পরিচালনার সাথে সংশ্লিষ্ট ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ পরীক্ষা শুরুর আগে পরীক্ষা কক্ষে তাদের দায়িত্বের আওতাভুক্ত পানি, গ্লাস, জগ, সুই-সুতা ইত্যাদি পৌঁছে দেবেন এবং পরীক্ষা শেষ হওয়ার ৩০ মিনিট আগে দায়িত্ব পালনের জন্য পরীক্ষা কক্ষে পুনরায় প্রবেশ করতে পারবেন।
- বাড় বৃষ্টির সময়ে আলোর অভাবে পরীক্ষা হলে যাতে পরীক্ষার্থীদের কোন অসুবিধা না হয় সেজন্য পরীক্ষা শুরুর আগেই সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে হেজাক লাইট/ হারিকেন/ বাল্ব/ মোমবাতি/ চার্জার লাইট ইত্যাদির ব্যবস্থা রাখতে হবে।
- পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং কেন্দ্র সচিব ছাড়া অন্য কেউ কোন অবস্থাতেই মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। কোন অবস্থাতেই পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন নিয়ে আসতে পারবে না। শুধুমাত্র কেন্দ্র সচিবগণ সাধারণ মোবাইল ব্যবহার করতে পারবেন।
- কোন কেন্দ্রে বহিরাগত/অবাস্তিত লোকের সমাগম ঘটলে অথবা আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটায় সন্দেহবশত দেখা দিলে তাৎক্ষণিকভাবে শিক্ষাবোর্ড এবং স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।
- সংরক্ষিত স্থান থেকে প্রশ্নপত্র গ্রহণের সময় নির্দিষ্ট দিন ও তারিখ অনুযায়ী ঐ দিনের প্রশ্নপত্র সকাল ৮ টার সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে যাচাই-বাছাই করে গ্রহণ করতে হবে, যাতে ভুলক্রমে ভিন্ন বিষয় ও সেট খোলা বা ব্যবহৃত না হয়। এছাড়া প্রশ্নপত্র খোলা এবং পুনরায় গালাসিল করার সময় সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কঠোর সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনভাবে গোপনীয় কাগজপত্রের নিরাপত্তা বিঘ্নিত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সকলকে বহন করতে হবে।
- কোন কেন্দ্রে যদি নকল প্রবণতা পরিলক্ষিত হয় অথবা পরীক্ষার্থীর সংখ্যা বেশী হয় তাহলে সে কেন্দ্রে পর্যাপ্ত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েনের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে জানাতে হবে।
- পরীক্ষা হলে প্রবেশের আগেই কেন্দ্র/ভেন্যুর গেইটে পরীক্ষার্থীদের দেহ তল্লাশী করে প্রবেশ করাতে হবে। তবে দেহ তল্লাশীর সময় সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে কোন পরীক্ষার্থী বিব্রতকর অবস্থায় না পড়ে। ছাত্রীদের দেহ তল্লাশী অবশ্যই মহিলা শিক্ষক দ্বারা করাতে হবে। ভিজিলেন্স টিমের সদস্যগণ কেন্দ্রে গিয়ে কোন পরীক্ষার্থীর দেহ তল্লাশী করে তাদের সাথে কোন অবৈধ বা নকলের কাগজ পেলে কেন্দ্র বাতিলসহ কেন্দ্র সচিব ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোন পরীক্ষার্থী প্রাকৃতিক কারণে পরীক্ষা চলাকালীন বা পরীক্ষা শেষে কক্ষ ত্যাগ করার আগে তার উত্তরপত্র কক্ষ পর্যবেক্ষকের কাছে অবশ্যই জমা দিবে। উত্তরপত্র কোন অবস্থাতেই ডেক্স/বেঞ্চার উপর রেখে যেতে পারবে না। এ বিষয়ে কক্ষ পর্যবেক্ষক সতর্ক দৃষ্টি রাখবেন।
- নৈব্যক্তিক অভীক্ষায় পরপর বা পাশাপাশি রোলনম্বরধারী পরীক্ষার্থীরা যাতে একই সেটে পরীক্ষা দিতে না পারে তা নিশ্চিত করতে হবে। রোলনম্বরের ক্রমানুসারে পরীক্ষার্থীরা যাতে পর্যায়ক্রমে ক, খ, গ এবং ঘ সেটের প্রশ্নপত্রে পরীক্ষা দেয় তা অবশ্যই নিশ্চিত করতে হবে। এর ব্যতিক্রম ঘটলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফলাফল বাতিলসহ কেন্দ্রের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ক. শ্রুতি লেখক নিয়ে পরীক্ষায় অংশগ্রহণকারী, বুদ্ধি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী (মুক ও বধির) পরীক্ষার্থীদের জন্য প্রশ্নপত্রে নির্ধারিত সময়ের অতিরিক্ত ২০ মিনিট সময় বৃদ্ধি করা যাবে। বোর্ডের অনুমতি সাপেক্ষে শ্রুতিলেখক নিয়ে পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ২০ মিনিট সময় বৃদ্ধি করা যাবে।
খ. এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৮০০ তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০১৬ এর নির্দেশনা মোতাবেক জাতীয় ও পাবলিক পরীক্ষা সমূহে বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক, ডাউন সিনড্রোম বা সেরিব্রালপল্টি) পরীক্ষার্থীদের ক্ষেত্রে অন্যান্য পরীক্ষার্থীদের তুলনায় ১০% (তিন ঘন্টার পরীক্ষার ক্ষেত্রে ৩০ মিনিট) অতিরিক্ত সময় বৃদ্ধি করা যাবে। এ ধরনের পরীক্ষার্থীদের উত্তরপত্র আলাদা প্যাকেট করে অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে।

১৮. উত্তরপত্র জমা না দিয়ে হল ত্যাগ করার কোন ঘটনা ঘটলে কক্ষ পর্যবেক্ষক তাৎক্ষণিক বিষয়টি লিখিতভাবে কেন্দ্র সচিবকে অবহিত করবেন। কেন্দ্র সচিব অনতিবিলম্বে স্থানীয় থানায় বিষয়টি সম্পর্কে সাধারণ ডায়রি করবেন এবং সাধারণ ডায়রির কপিসহ সেদিনই বিশেষ বাহক মারফত অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক-এর নিকট একটি প্রতিবেদন পাঠাবেন।
১৯. ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত : পরীক্ষার্থীদের নিকট হতে ব্যবহারিক পরীক্ষার ফি হিসেবে আদায়কৃত প্রতি পত্রে ১০.০০(দশ টাকা) টাকা হারে কেন্দ্র সচিবগণ সংশ্লিষ্ট বিদ্যালয় হতে গ্রহণ করবেন। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষ্ঠানিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- এবং বহিঃ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- টাকা হারে সম্মানী/ পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, ব্যবহারিক পরীক্ষার জন্য বোর্ড টিএ/ ডিএ বা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তাই কেন্দ্র হতে ব্যবহারিক পরীক্ষার জন্য কোন প্রকার পারিশ্রমিক বিল জমা দিতে হবে না।
২০. বোর্ডের যে কোন কর্মকর্তা এবং বোর্ড নিযুক্ত ভিজিলেন্স টিমের সদস্যগণ যে কোন পরীক্ষা কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনা তদারকি করতে পারবেন। কেন্দ্রের পরিবেশ উন্নয়নের জন্য বোর্ড কর্মকর্তা বা ভিজিলেন্স টিমের পরামর্শ মোতাবেক কেন্দ্র সচিব কার্যকর ব্যবস্থা গ্রহণ করে ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবেন। কোন কর্মকর্তা/ ভিজিলেন্স টিমের সদস্য কোন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বন করতে দেখলে তিনি তা কক্ষ পর্যবেক্ষকের নজরে আনবেন। কক্ষ পর্যবেক্ষক সেক্ষেত্রে ঐ পরীক্ষার্থীর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২১. শিক্ষাবোর্ডে OMR প্রেরণের সময় OMR -এর প্যাকেট বা বাক্সে উপস্থিত, অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের রোলনম্বর সম্বলিত শিরোনাম পত্র অবশ্যই প্রদান করতে হবে। শিরোনাম পত্রের এক কপি OMR এর প্যাকেটের ভেতর এবং এক কপি OMR এর প্যাকেটের উপর সংযুক্ত করে দিতে হবে। একই বাক্সে/ প্যাকেটে একাধিক বিষয়ের OMR প্রেরণ করতে হলে সংশ্লিষ্ট বিষয়ের শিরোনাম পত্র দ্বারা ঐ OMR গুলো মুড়িয়ে সুতা দিয়ে আলাদাভাবে বেঁধে দিতে হবে যাতে প্রতিটি বিষয়ের OMR পৃথকভাবে সহজে চিহ্নিত করা যায়। এরপর প্যাকেট/ বাক্সটি কুমিল্লা বোর্ডের জন্য নির্ধারিত গোলাপী রংয়ের কাপড় দিয়ে আবৃত করার পর গালাসিল করে সঠিকভাবে ঠিকানা লিখে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এ ঠিকানায় হাতে হাতে/ ডাকযোগে ঐ দিনই প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব দায়ী থাকবেন।
২২. পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে ঐ দিনের উত্তরপত্রগুলো শিক্ষাবোর্ডে হাতে হাতে/ ডাকযোগে/রেলযোগে অবশ্যই প্রেরণ করতে হবে। বিশেষ পরিস্থিতিতে শিক্ষাবোর্ডের নির্দেশনা মোতাবেক উত্তরপত্রগুলো হাতে হাতে (সরাসরি) বোর্ডে পৌঁছাতে হবে। অনিবার্য কারণে পরীক্ষার দিনের উত্তরপত্রগুলো বোর্ডে প্রেরণ করা সম্ভব না হলে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতিক্রমে উত্তরপত্রগুলো স্থানীয় থানার নিরাপদ হেফাজতে জিডি করে রাখতে হবে এবং জিডির কপিসহ উত্তরপত্রগুলো পরদিনই বোর্ডে প্রেরণ করতে হবে।
২৩. পরীক্ষা শুরু আগে প্রতিটি হলে/কক্ষে পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী মূল অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শীট পাঠাতে হবে এবং পরীক্ষা শেষে পরীক্ষার্থীদের উপস্থিতিতে উত্তরপত্র সংগ্রহ করে সঠিক সংখ্যা পাওয়ার পর মূল উত্তরপত্র থেকে খুব সতর্কতার সাথে OMR বিচ্ছিন্ন করতে হবে যাতে OMR এর কোন অংশবিশেষ ক্ষতিগ্রস্ত না হয়। কক্ষ পর্যবেক্ষক ও কেন্দ্র সচিব উভয়ে উপস্থিত পরীক্ষার্থীর সংখ্যার সাথে বিচ্ছিন্ন OMR এর সঠিকতা নিশ্চিত করবেন। এর ব্যতিক্রম ঘটলে কক্ষ পর্যবেক্ষক ও কেন্দ্র সচিব উভয়ে দায়ী থাকবেন।
২৪. পরীক্ষার্থীগণ যাতে অসং উদ্দেশ্যে অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করতে না পারে, সে বিষয়ে পরীক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।
২৫. পরীক্ষায় সাধারণ সাইনটিকিফ (প্রোপ্রামিং নয়) ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
২৬. পরীক্ষার্থীদের তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষার জন্য প্রয়োজনীয় অলিখিত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, গ্রাফ পেপার, বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্যাদি যথাসময়ে কেন্দ্র সচিব সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করবেন।
২৭. বহিস্কৃত (Reported) পরীক্ষার্থীদের উত্তরপত্র আলাদা প্যাকেটে সংশ্লিষ্ট কাগজপত্রসহ ঐ দিনই নিবন্ধিত ডাকযোগে/ হাতে হাতে পরীক্ষা নিয়ন্ত্রক, কুমিল্লা শিক্ষা বোর্ড বরাবর পাঠাতে হবে।
২৮. প্রতিদিন পরীক্ষায় উপস্থিতির সংখ্যা অনুযায়ী প্রশ্নপত্র পরীক্ষার হলে সরবরাহ করার পর অতিরিক্ত প্রশ্নগুলো কেন্দ্র সচিব নিরাপদ হেফাজতে রাখার ব্যবস্থা করবেন। কেন্দ্রে সরবরাহকৃত প্রশ্নপত্রের সাথে ব্যবহৃত ও অব্যবহৃত প্রশ্নপত্রের সংখ্যা একই থাকতে হবে।
২৯. পরীক্ষা পরিচালনা বিধি মোতাবেক পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা করতে হবে। প্রতি ৬ ফুট দৈর্ঘ্যের বেঞ্চে দুইজন অথবা ৪/৩ ফুট দৈর্ঘ্যের বেঞ্চে একজন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে।
৩০. প্রতি ১৬ জন পরীক্ষার্থীর জন্য একজন পর্যবেক্ষক নিয়োগ করতে হবে। তবে কোন কক্ষে দুইজনের কম পর্যবেক্ষক নিয়োগ করা যাবে না।
৩১. (১) উত্তরপত্র প্যাকেট করা এবং (২) উত্তরপত্র ও OMR এর প্যাকেট কুমিল্লা শিক্ষা বোর্ডে প্রেরণের ক্ষেত্রে (সরাসরি/ ডাকযোগে/ রেলযোগে) সংশ্লিষ্ট সহায়ক স্টাফদের কাজ বন্টনের তালিকা তৈরি করে ভারপ্রাপ্ত কর্মকর্তা অনুমোদিত একটি কপি পরীক্ষা নিয়ন্ত্রক, কুমিল্লা শিক্ষাবোর্ড বরাবরে প্রেরণ করতে হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত কেন্দ্র কমিটি ও সহায়ক স্টাফদের ফোন নম্বরসহ তালিকা কেন্দ্র সচিব সার্বক্ষণিক সংরক্ষণ করবেন। উত্তরপত্র প্যাকেট করার সময় সতর্কতা অবলম্বন করতে হবে যাতে ভুলক্রমে কোন উত্তরপত্র থেকে না যায় অথবা এক বিষয়ের উত্তরপত্র অন্য বিষয়ের প্যাকেটে না যায়। একই বিষয়ের প্রশ্নপত্র আলাদা হলে উত্তরপত্র আলাদা প্যাকেটে পাঠাতে হবে।
৩২. কোন শিক্ষক/কর্মচারীর ছেলে/মেয়ে এসএসসি পরীক্ষা- ২০১৮ এ যে কেন্দ্রে অংশগ্রহণ করবে, সে কেন্দ্রে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারী কক্ষ পর্যবেক্ষণ/অন্যান্য দায়িত্ব পালন করতে পারবেন না। এছাড়া কোন শিক্ষক/কর্মচারীর ছেলে/মেয়ে এসএসসি পরীক্ষা- ২০১৮ এ অংশগ্রহণ করলে তিনি কোন কেন্দ্রের কেন্দ্র সচিব/কেন্দ্র কমিটির সদস্য/সহায়ক স্টাফ হতে পারবেন না।
৩৩. কোন পরীক্ষার্থী অসুস্থ হলে সিক-বেডে পরীক্ষা দেয়ার অনুমতি দেয়া যাবে। তবে বিষয়টি তাৎক্ষণিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক এবং কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানাতে হবে।
৩৪. বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রবেশপত্র গ্রহণ করার পরের দিন অবশ্যই সংশ্লিষ্ট বিদ্যালয় সমূহে বিতরণ করতে হবে; যাতে কোন গড়মিল, অসঙ্গতি বা ভুলত্রুটি থাকলে বোর্ডে যোগাযোগ করে সংশোধন করা যায়। অন্যথায় কেন্দ্র সচিব দায়ী থাকবেন।
৩৫. পরীক্ষার দিনগুলোতে প্রয়োজনীয় মূল ও অতিরিক্ত উত্তরপত্রের যাতে ঘাটতি না হয় সে বিষয়ে কেন্দ্র সচিবকে পরীক্ষা শুরু হবার পূর্বেই নিশ্চিত হতে হবে।
৩৬. প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
৩৭. কুমিল্লা শিক্ষাবোর্ড কর্তৃক নিযুক্ত ভিজিল্যান্স টিমের সদস্যগণ চাইলে মূল উত্তরপত্র ও বহুনির্বাচনী পরীক্ষার OMR ফরমসমূহ অনুসরণীয় বিষয়াবলির ২১ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী ভিজিল্যান্স টিমের সদস্যগণের নিকট প্রদান করতে হবে।
৩৮. সর্বোপরি শিক্ষা মন্ত্রণালয়/ শিক্ষাবোর্ড/সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের জারিকৃত সকল আদেশ/নির্দেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কেন্দ্র সচিব

এসএসসি পরীক্ষা- ২০১৮ এর অনুমোদিত সকল কেন্দ্র

(কায়সার আহম্মেদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
১০.১.১৮

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩৪(০৭)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর।
৪. পুলিশ সুপার, কুমিল্লা / চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর।
৫. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা / চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৬. উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭. সংরক্ষণ নথি।

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৪৬১